# 221210 - পূর্বের একটি রোগের কারণে জনৈক মেয়ের ওজন অনেক কমে গেছে সে কি রোযা ভাঙ্গতে পারবে?

প্রশ্ন

প্রশ্ন: গত বছর আমি কিছু শারীরিক সমস্যায় ভুগছিলাম। যার ফলে আমার ওজন অনেক কমে গিয়েছিল; ডাক্তারের পরামর্শের ভিত্তিতে আমি গোটা মাস রোযা রাখতে পারিনি। এ বছর আমি সে সব রোগ থেকে সুস্থ হয়েছি। কিন্তু আমার ওজন এখনও আগের মত আছে। আমার বাবা-মা এবং তাঁদের কাছের বন্ধুবান্ধব আমাকে রোযা না-রাখার পরামর্শ দিচ্ছেন। এ নিয়ে আমি তাঁদের দুইজনের সাথে বাকবিতণ্ডা করেছি। কারণ আমি অনুভব করছি যে, আমি যতটুকু সুস্থ আছি তাতে আমি রোযা রাখতে পারব। আমার মা মহল্লার ইমামকে টেলিফোন করে আমার অবস্থা বলেছেন। ইমাম সাহেব বলেছেন: যেহেতু আমার ওজন এখনও আদর্শ ওজনের পর্যায়ে আসেনি তাই আমার রোযা রাখা ঠিক হবে না। এমতাবস্থায় আমি কি তাদের উপদেশ শুনব এবং পরিপূর্ণ সুস্থ হলে রোযাগুলো কাযা করব? নাকি আমি যে অবস্থায় আছি সে অবস্থায় রোযা রাখব?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আলহামদুলিল্লাহ।

আমরা আল্লাহর কাছে প্রার্থনা করি তিনি যেন, আপনাকে পরিপূর্ণ সুস্থতা দান করেন।

আপনা উচিত হবে, আপনার চিকিৎসকের পরামর্শ নেয়া; যিনি ইতিপূর্বে আপনার চিকিৎসা করেছেন। যদি ডাক্তার রোযা রাখার ক্ষেত্রে আপনার সক্ষমতা নিশ্চিত করে এবং রোযা রাখটা আপনার স্বাস্থ্যের উপর নেতিবাচক কোন প্রভাব ফেলবে না, আপনার সুস্থতা বিলম্বিত হবে না তাহলে আল্লাহ চাহতে আপনি ও আপনার পিতামাতা এ ব্যাপারে নিশ্চিন্ত হতে পারবেন। এবং আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা করে আপনি রোযা রাখা শুরু করতে পারবেন।

পক্ষান্তরে, ডাক্তার যদি মনে করেন, রোযা রাখাটা আপানর স্বাস্থ্যের জন্য কঠিন হবে, এতে করে আপনার স্বাস্থ্যগত কিছু সমস্যা হবে তাহলে রোযা না-রাখাটা আপনার জন্য উত্তম। রমযানের পরে আপনি সুস্থ হয়ে রোযা রাখতে পারবেন।

আল-দিরদির মালিকী (রহঃ) বলেন:

যদি রোগ সম্পর্কে অবহিত কোন ডাক্তার ধারণা করেন যে, রোযা রাখলে রোগ বাড়বে কিংবা সুস্থ্যতা বিলম্বিত হবে তাহলে রোযা না-রাখা জায়েয। অনুরূপভাবে রোযা রাখলে যদি রোগী খুব ক্লান্ত-অবসন্ন হয়ে পড়ে সে ক্ষেত্রেও।[আল-শারহুল

কাবরি (১/৫৩৫) থকেে সমাপ্ত]

শাইখ উছাইমীন (রহঃ) বলনে: রোগ বড়েে যাওয়া কংিবা সুস্থ্যতা বলিম্বতি হওয়ার ভয় থাকলে রোযো না-রাখা জায়যে। সুতরাং রোগ বড়েে যাওয়া কংিবা রোগমুক্ত বিলিম্বতি হওয়ার আশংকা হল,ে কংিবা রোযা রাখলে রোগী ক্লান্ত হয়ে পড়লে— এ কারণগুলোর কারণে রোযো না-রাখা বধৈ।

পক্ষান্তর,ে রোযোর উপর যে রোগরে কোনে প্রভাব নইে, যমেন দাঁত ব্যাথ্যা, আঙ্গুলরে ব্যাথ্যা ইত্যাদরি কারণে রোযো না-রাখা জায়যে নইে; যতক্ষণ না এগুলোর কারণে ভন্নি কোনে পার্শ্বপ্রতক্রিয়া সৃষ্টি না হয়। শুধু দাঁত ব্যাথ্যা কারণে যদি কউে রোযো না-রাখে এতে তো তার কোনে সুবধিা নইে। তব,ে ডাক্তার যদি বল,ে যদি আপনি রোযো না-রখেে খাওয়া-দাওয়া করনে এতে কর,ে আপনার দাঁত ব্যাথ্যা, মাড়রি ব্যাথ্যা হালকা হবে— তাহলে আমরা বলব: অসুবধিা নইে। কারণ অনকে সময় খাদ্যরে কমতি রোগরে দীর্ঘসূত্রতিা, ব্যাথ্যা ও চোখরে ব্যাথ্যার কারণ হয়। অর্থাৎ রোযো রাখাটা যদি রোগরে উপর প্রভাব ফলেে তাহলে সে রোযো না-রাখতে পার।ে আর যদি প্রভাব না ফলেে তাহলে রোযো ভাঙ্গবে না।[তালকীত আলাল কাফি (৩/১২৩) থকেে সমাপ্ত]

কবেল আদর্শ ওজনরে চয়েে ওজন কম থাকা রোযো না-রাখার কারণ নয়। বরং রোযোর কারণে কি ধরণরে কষ্ট ও ক্লান্তি বা ক্ষতি আরোপতি হয় সটো দখেতে হব।ে খাদ্যরে যে ঘাটতি সটো রাতরে খাবাররে মাধ্যমে পূরণ করা কি সম্ভব, নাকি সম্ভব নয়; সটোও দখেতে হব।ে সুতরাং একজন বশি্বস্ত ডাক্তাররে পরামর্শ নতিে হবে এবং ডাক্তার যে পরামর্শ দবিনে আপনি সটো মনেে চলতে পারনে। আরও বসি্তারতি জানতে দখেুন 140246 নং প্রশ্নোত্তর।

আল্লাহই ভাল জাননে।